

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮০৮

আগরতলা, ১৮ জুলাই, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“ধর্মনগর জেলা হাসপাতালে গুরুত্বপূর্ণ মেশিনারি ইকুইপমেন্ট পড়ে আছে স্টোরে,” এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৬ জুলাই, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, ধর্মনগরস্থিত উত্তর ত্রিপুরা জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে এই জেলা হাসপাতালে আইসিইউ, ট্রমা কেয়ার সেন্টার, সিসিইউ, এইচডিইউ এবং এনআইসিইউ নেই। তবে, ট্রমা কেয়ার সেন্টার, সিসিইউ, আইসিইউ ও এইচডিইউ এর নির্মাণ কাজ চলছে এবং শীঘ্রই সম্পন্ন হওয়ার প্রত্যাশা রয়েছে। তবে এসএনসিইউ এবং এনআইসিইউ কাজ চালু রয়েছে। এই জেলা হাসপাতালের অনেক চিকিৎসা সরঞ্জাম স্টোরে সংরক্ষিত রয়েছে এবং কিছু সরঞ্জাম প্রক্রিয়াধীন, তবে ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় সেগুলো ব্যবহার করা সম্ভব হচ্ছে না। এই জেলা হাসপাতালের সার্জারি, অর্থোপেডিক্স, ইএনটি, সাইকিয়াট্রিক, ডার্মাটোলজি ও অপথ্যালমোলজি বিভাগগুলো পরিষেবা প্রদান করছে।

এদিকে, সংবাদপত্রে এই জেলা হাসপাতালে নিম্নমানের ওষুধ সরবরাহ সংক্রান্ত যে অভিযোগ করা হয়েছে এই বিষয়ে কর্তৃপক্ষ জানিয়েছেন যে এই ধরনের কোনো অভিযোগ বা রিপোর্ট পাওয়া যায়নি এবং দায়িত্ব পালন সংক্রান্ত কোনো অবহেলার অভিযোগও পাওয়া হয়নি। এই জেলা হাসপাতাল সেবা উন্নয়নে সব সময় সচেষ্ট রয়েছে এবং প্রয়োজনীয় উন্নয়ন ও পূর্ণাঙ্গ কার্যক্রম চালুর জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*